গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৭.৫২০০.০১৮.০২.০১০.২০.২৩৩

তারিখ : ২০ চৈত্র, ১৪২৮
০৩ এপ্রিল, ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখা এর ২৬.১০.২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৮১.১২.৪৭৭ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব প্রশাসনের অধীনস্থ অফিস সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে https://dclal.teletalk.com.bd এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | নাজির কাম ক্যাশিয়ার | ০৪ (চার) টি | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা- ২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০২ | সার্টিফিকেট পেশকার | ০৪ (চার) টি | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা- ২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০৩ | সার্টিফিকেট সহকারী | ০৪ (চার) টি | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা- ২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০৪ | ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী | ০৭ (সাত) টি | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা- ২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০৫ | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | ০৪ (চার) টি | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা- ২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |

### শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।

০৩। সকল পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।

০৪। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য জেলার ওয়েবসাইট (www.lalmonirhat.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট ও লালমনিরহাট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারী https://dclal.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে **০৬/০৪/২০২২** তারিখ সকাল ১০.০০ টা হতে এবং শেষ হবে **০৫/০৫/২০২২** তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন পত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদন পত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload আবেদন পত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আদেবনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিপদের জন্য ১০০ (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদন পত্রের সংলগ্ন অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** **DCLAL<Space>User ID** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : **DCLAL ABCDEFG** & send to 16222

**দ্বিতীয় SMS:** **DCLAL<Space>YES<Space>PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : **DCLAL YES 12345678** & send to 16222

চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি https://dclal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত মোবাইল উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পদ্ধতি অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- **User ID জানা থাকলে:** DCLAL<Space>**Help**<Space>**User**<Space>**User ID** & send to 16222
  Example : **DCLAL Help User ABCDEF** & send to 16222
- **PIN Number জানা থাকলে:** DCLAL<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & send to 16222
  Example : **DCLAL Help PIN 1234567** & send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCLAL, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (রাজস্ব শাখা) www.lalmonirhat.gov.bd এর ওয়েবসাইটে এবং https://dclal.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.lalmonirhat.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

০৭। **প্রার্থীর বয়সসীমা ০৬/০৪/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।** তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :

(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) সকল পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

১০। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১১। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে।

১২। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-


(মো: আবু জাফর)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি
লালমনিরহাট
ফোন : ০২৫৮৯৯৮৬৭৭৭ (অফিস)
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৭.৫২০০.০১৮.০২.০০৪.২২.২৩৩/১(৩০)

তারিখ : ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জেলা প্রশাসক,........................(সকল) রংপুর বিভাগ, রংপুর।
০২। পুলিশ সুপার ,লালমনিরহাট।
০৩। সিভিল সার্জন, লালমনিরহাট।
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট/উপজেলা পরিষদ.............................................., লালমনিরহাট।
০৫। মেয়র, লালমনিরহাট/পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাডিস্ট্রেট, লালমনিরহাট
০৭। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
০৮। সহকারী কমিশনার (ভূমি), লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
০৯। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫/ মহাব্যবস্থাপক, দৈনিক প্রথম আলো, বিজ্ঞাপন বিভাগ, দৈনিক প্রথম আলো, ঢাকা। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ০৪ এপ্রিল ২০২২ সংখ্যায় এক দিনের জন্য স্বল্প পরিসরে (২৭ইঞ্চি×৪কলাম) ভিতরের পাতায় (জাতীয় সংস্করণ) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং পাঁচ কপি পত্রিকা বিলসহ এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩/০৪/২০২২

(মোঃ আবু জাফর)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি
লালমনিরহাট।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি
ছবি
(সম্প্রতি তোলা তিন কপি)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম : | | | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর : | | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩ | প্রার্থীর নাম: | বাংলায় : | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | | | |
| ৪ | জাতীয় পরিচয় পত্র নম্বর : | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | | |
| ৫ | জন্ম তারিখ : | | | ৬.জন্মস্থান (জেলা): | | | | | | | | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | | | দিন | | | | |
| ৮ | মাতার নাম : | | | | | | | | | | | |
| ৯ | পিতার নাম : | | | | | | | | | | | |
| ১০ | ঠিকানা: | বর্তমান | | স্থায়ী | | | | | | | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | | | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | | | | | | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | | | | | | | | | | |
| | ডাকঘর : | | | | | | | | | | | |
| | পোস্টকোড নম্বর : | | | | | | | | | | | |
| | উপজেলা : | | | | | | | | | | | |
| | জেলা : | | | | | | | | | | | |
| ১১ | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | | ই-মেইল | | | | | | | | |
| ১২ | জাতীয়তা : | ১৩. | জেন্ডার: | | | | | | | | | |
| ১৪ | ধর্ম : | ১৫. | পেশা: | | | | | | | | | |
| ১৬ | শিক্ষাগত যোগ্যতা | | | | | | | | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | | | | | | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | | | | | | | | | |
| ১৯ | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | | | | | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : | | | | | | | | |
| ২০ | চালান /ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | | না | | | | প্রযোজ্য নয় | | | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর